# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ৩. ৮. দাউদের অপরাধে ৭০ হাজার নিরপরাধ মানুষ হত্যা

ঈশ্বর দাউদকে নির্দেশ দিলেন বনি-ইসরাইলের লোকগণনা করতে। এরপর এ আদমশুমারিকে অপরাধ হিসেবে গণ্য করে দাউদকে শাস্তি দেওয়ার জন্য বনি-ইসরাইলের ৭০,০০০ মানুষকে হত্যা করলেন! এরপর অনুশোচনা করলেন!! “মাবুদ আবার বনি-ইসরাইলদের উপর রাগে জ্বলে উঠলেন। তিনি দাউদকে তাদের বিরুদ্ধে উত্তেজিত করে তুলে বললেন, ‘তুমি গিয়ে ইসরাইল ও এহুদার লোকদের গণনা কর। .... মাবুদ তখন সকাল থেকে শুরু করে নির্দিষ্ট করা সময় পর্যন্ত ইসরাইলের উপর এক মহামারী পাঠিয়ে দিলেন। তাতে দান থেকে বের-শেবা পর্যন্ত গোটা দেশের লোকদের মধ্য থেকে সত্তর হাজার লোক মারা গেল। জেরুজালেম ধ্বংস করার জন্য যখন ফেরেশতা হাত বাড়ালেন তখন মাবুদ সেই ভীষণ শাস্তি দেওয়া থেকে মন ফেরালেন (repented কেরি: অনুশোচনা করিয়া..)।” (২ শামুয়েল ২৪/১, ১৫-১৬, মো.-০৬)

“যে ফেরেশতা লোকদের আঘাত করছিল দাউদ তাঁকে দেখে মাবুদকে বললেন, ‘গুনাহ এবং অন্যায় করেছি আমি। ওরা তো ভেড়ার মত। ওরা কি করেছে? কাজেই আমাকে ও আমার পিতার বংশকে তুমি শাস্তি দাও।” (২ শামুয়েল ২৪/১৭, মো.-০৬)। বাইবেলের বর্ণনায় দাউদ একজন রক্তলোলুপ গণহত্যাকারী রাজা ছিলেন। তারপরও এখানে তিনি একটা যৌক্তিক দাবি করলেন যে, তাঁর অপরাধে সাধারণ নাগরিকদের হত্যা করা হবে কেন? কিন্তু সর্বশক্তিমান ন্যায়বান ঈশ্বর কি বিষয়টা বুঝলেন না? ঈশ্বরের বিবেচনা কি দাউদের চেয়ে দুর্বল?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন